তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক আমাদের সময়

৩০/৯/১৬ ৭ পৃ: ১ম কলাম

আমাদের সময়

# খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক, খুলনা** ■ খুলনা মহানগরীর খালিশপুরে হাউজিং বাজার এলাকায় অভিযান চালিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীসহ ৪ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ১৪৬নং রোডের আর/৩৮নং বাসা থেকে গত ২৭ সেপ্টেম্বর সন্ধ্যা সোয়া ৬টায় আটক করা হলেও গতকাল বৃহস্পতিবার গ্রেপ্তারের খবর জানানো হয়।

গ্রেপ্তারকৃতরা হলো- খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সানজিদা আফরিন রনি (২৩), ওই বাড়ির কর্তা মৃত লেদু মিয়ার স্ত্রী মনোয়ারা বেগম (৪৫), তাদের ২ মেয়ে নাহিদা আফরিন (২২) ও ফাতেমা খাতুন।

গ্রেপ্তারকৃতদের কাছ থেকে বাংলাদেশ ইসলামী ছাত্রী সংস্থা প্রকাশিত প্রত্যাশা ও ৬ষ্ঠ বার্তা নামে মোট ৩টি বই উদ্ধার করা হয়েছে। এ ব্যাপারে খালিশপুর থানায় মামলা করা হয়েছে। ।।